

Model Activity Task 2021 October

Model Activity Task Part -7| Class- 7|Geography

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর

সপ্তম শ্রেণী। ভূগোল | পার্ট -৭

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:

১.১ ভূআলোড়নের ফলে সৃষ্ট ফাটলগুলোর মাঝের ভূভাগ ওপরে উঠে যে ভূমিরূপ সৃষ্টি করে তা হলো—

ক) মহাদেশীয় মালভূমি

খ) স্তূপ পর্বত

গ) আগ্নেয় পর্বত

ঘ) লাভা মালভূমি

১.২ দুটি নদীর মধ্যবর্তী স্থলভাগ হলো-

ক) নদী অববাহিকা

খ) দোয়াব

গ) মোহনা

ঘ) ধারণ অববাহিকা

১.৩ একটি পাললিক শিলার উদাহরণ হলো-

ক) গ্রানাইট

খ) ব্যাসল্ট

গ) মার্বেল

ঘ) চুনাপাথর

১.৪ ঠিক জোড়াটি নির্বাচন করো-

ক) দক্ষিণ আফ্রিকা - উষ্ণ জলবায়ু

খ) চীনদেশীয় জলবায়ু - খেজুর গাছ

গ) জাম্বুজি নদী - ভিক্টোরিয়া জলপ্রপাত

ঘ) আফ্রিকার পূর্ব দিক - ভূমধ্যসাগর

২. একটি বা দুটি শব্দে উত্তর দাও :

২.১ ভারতের একটি পলিগঠিত সমভূমির নাম লেখো।

উ:- ভারতের একটি পলিগঠিত সমভূমির নাম হলো উত্তর ভারতের সমভূমি।

২.২ নদীর কোন প্রবাহে ভূমির ঢাল বেশি থাকায় নদীর শক্তি বৃদ্ধি পায়?

উ:- নদীর উচ্চ প্রবাহ বা পার্বত্য প্রবাহে ভূমির ঢাল বেশি থাকায় নদীর শক্তি বৃদ্ধি পায়।

২.৩ কোন শ্রেণির মৃত্তিকায় বালি ও কাদার পরিমাণ প্রায় সমান থাকে?

উ:- দোআঁশ মৃত্তিকায় বালি ও কাদার পরিমাণ প্রায় সমান থাকে। এটি একটি পলিমাটির রূপ।

২.৪ দক্ষিণ আফ্রিকার তৃণভূমি কী নামে পরিচিত?

উ:- দক্ষিণ আফ্রিকার তৃণভূমি ভেন্ড নামে পরিচিত।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ নদীর মোহনায় ব-দ্বীপ সৃষ্টির দুটি শর্ত উল্লেখ করো।

উ:- নদীর মোহনায় ব-দ্বীপ সৃষ্টির দুটি শর্ত হলো -

i. নদীতে পলির পরিমাণ অনেক বেশি হলে এবং ভূমির ঢাল অনেকটাই কমে গেলে বদ্বীপ সৃষ্টি হতে পারে।

ii. নদীর বহন ক্ষমতা কমে গেলে এবং প্রবল সমুদ্রস্রোত না থাকলে নদীর সঙ্গমস্থলে বদ্বীপ গড়ে ওঠে।

৩.২ 'জলবায়ু মৃত্তিকা সৃষ্টির অন্যতম প্রধান নিয়ন্ত্রক' – বক্তব্যটির যথার্থতা বিচার করো।

উ:- মৃত্তিকা গঠনে জলবায়ু সর্বাপেক্ষা সক্রিয় ভূমিকা পালন করে। জলবায়ুর প্রধান দুটি উপাদান হলো বৃষ্টিপাত ও উষ্ণতা।

i. **বৃষ্টিপাত:** বৃষ্টিপাতের পরিমাণ ও তীব্রতা বেশি হলে মৃত্তিকা আঙ্গিক হয়ে যায় এবং মৃত্তিকা তাড়াতাড়ি সৃষ্টি হয়।

ii. **উষ্ণতা:** কোন স্থানে উষ্ণতা বেশি হলে মাটির স্তর গুলি বেশ ভালোভাবে তৈরি হয় অর্থাৎ মাটি গভীর হয়। মাটিতে জৈব পদার্থ বেশি হয়।

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৪.১ সাহারার জলবায়ু কীভাবে সেখানকার মানুষের জীবনযাত্রাকে প্রভাবিত করে?

উ:- সাহারা মরুভূমি পৃথিবীর সর্বাপেক্ষা বৃহত্তম এবং উষ্ণতম মরুভূমি। এই মরুভূমি স্থানীয় বাসিন্দাদের জীবনে বেশ প্রভাব ফেলে। নিম্নে তা সংক্ষেপে আলোচনা করা হলো-

i. এই স্থানে দিনের বেলা ভীষণ গরম থাকে প্রায় 5৪ ডিগ্রী সেলসিয়াস। রাত্রেবেলা বেশ ঠান্ডা প্রায় 4 ডিগ্রী সেলসিয়াস। রাত ও দিনের তাপমাত্রা এত পার্থক্য বেশি হওয়ায় এই স্থানের বাসিন্দাদের জীবনযাত্রায় পার্থক্য লক্ষ্য করা যায়।

ii. এই স্থানের ক্যাকটাস জাতীয় গাছপালা দেখা যায় যেমন ঘাস, খেজুর ইত্যাদি। এই স্থানে খাদ্যের অসুবিধা থাকায় মানুষেরা সাধারণত যাযাবর হয়। উট নিয়ে নিয়ে এরা এক স্থান থেকে অন্য স্থানে খাবারের সন্ধানে ঘুরে বেড়ায়।

iii. পশুর দুধ, মাংস এদের প্রধান খাদ্য এছাড়াও এই স্থানের বিশেষ কিছু গাছের রস এরা পানীয় হিসেবে পান করে।

iv. সময়ের সাথে সাথে সাহারা পাল্টাচ্ছে জায়গায় জায়গায় ঘাস লাগানো হচ্ছে রাস্তা বানানো হচ্ছে। উটের বদলে ট্রাকের দ্বারা ব্যবসা করা হচ্ছে সুদূর ভবিষ্যতে বোধহয় সাহারার এই রুক্ষ ভয়াল চেহারা আর থাকবে না।

৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৫.১ ভঙ্গিল পর্বত ও আগ্নেয় পর্বত সৃষ্টির প্রক্রিয়াটি বর্ণনা করো।

উ:- ভঙ্গিল পর্বত সৃষ্টি:- ভূ পৃষ্ঠের উপর ভাসমান বিশাল পাতগুলি একে অপরের কাছে চলে এলে তাদের প্রবল চাপে মাঝখানের ভূ ভাগ ভাজ খেয়ে উঁচু হয়ে পর্বতের সৃষ্টি হয়। এইভাবে ভঙ্গিল পর্বতের সৃষ্টি হয়। যেমনঃ হিমালয় পর্বতশ্রেণী

আগ্নেয় পর্বতের সৃষ্টি: আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুতপাতের সময় প্রচুর পরিমাণে লাভা, ছাই, ছোটো ছোটো পাথর বেরিয়ে এসে জমে শঙ্কুর আকৃতি ধারণ করে, এভাবে দীর্ঘদিন ধরে জমার ফলে সৃষ্টি হয় আগ্নেয় পর্বত। যেমনঃ ভিসুভিয়াস।